

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮০৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, আমীন জোরে বলার সুন্নাতটি বিশুদ্ধ নয়, কেননা উল্লেখিত শব্দে হাদীস বর্ণনার ক্ষেত্রে ইমাম সুফিয়ান সাওরী রহিমাহুল্লাহ ইমাম শু'বার বিপরীত বর্ণনা করেছেন

ذكر الخبر المدحض قول من زعم أن هَذِهِ السُّنَّةَ لَيْسَتْ بِصَحِيحَةٍ لِمُخَالَفَةِ الثَّوْرِيِّ شُعْبَةَ فِي اللَّفْظَةِ الَّتِي ذَكَرْنَاهَا

আরবী

1803 _ أَخْبَرَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ عَمْرِو بِالْفُسْطَاطِ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ الْعَلَاءِ الزُّبَيْدِيُّ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ الْحَارِثِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَالِمٍ عَنِ الْفُسَيِّبِ وَأَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ الزُّبَيْدِيِّ قَالَ: أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ مُسْلِمٍ عَنْ سَعِيد بْنِ الْمُسَيِّبِ وَأَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ وَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا فَرَغَ مِنْ قِرَاءَةِ أُمِّ الْقُرْآنِ رفع صوته وقال: آمين

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1803 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (866).

বাংলা

১৮০৩. আবূ হুরাইরা রাদ্য়োল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সূরা ফাতিহা পাঠ শেষ করতেন, তখন তিনি তাঁর আওয়াজ উচ্চ করতেন এবং আমীন বলতেন।"[1]

ফুটনোট

[1] দারাকুতনী: ১/৩৩৫; হাকিম: ১/২২৩; সুনান বাইহাকী: ২/৫৮।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ : ৮৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন